Ext-2

2083

IV. 565 (465) 30 Rs.




... Regn. Rule ... Exempted fro... not requir... under the Indian Stamp Act 1899 as amended by 1976 ... No. 7

E 7·00

3/6/88

... District Sub-Registrar
Alipore, South 24-Parganas

শ্রী শ্রী রাধা কানু জীউ

শ্রী কুঞ্জ বিহারী পাইনের দেব সেবা ও দেবত্তর এস্টেটের

ট্রাস্টি নিয়োগ পত্র

গ্রহীতা -

শ্রী দীপেন্দু নাথ পাইন
শ্রী সৌমেন্দু নাথ পাইন
উভয়ের পিতা শ্রী রমনী মোহন
পাইন জাতি হিন্দু পেশা ব্যবসাদি
সাং ২৮ নং প্যারী মোহন রায়
রোড, থানা নিউ আলিপুর
কলিকাতা - ২৭ জেলা দক্ষিণ
২৪ পরগণা। -

দাতা :-

শ্রী রমনী মোহন পাইন
পিতা ৺মাখন লাল পাইন
জাতি হিন্দু পেশা বিষয়ের
উপস্বত্ব ভোগী সাং ২৮ নং
প্যারী মোহন রায় রোড
থানা নিউ আলিপুর কলিকাতা-২৭
জেলা দক্ষিণ ২৪ পরগণা। -

অস্য দেবত্তর এস্টেটের ট্রাস্টী নিয়োগ পত্র মিদং কার্য্যঞ্চাগে ঃ-

7 Rs




11211

জেলা ২৪ পরগণা থানা সাবেক আলিপুর হাল নিউ আলিপুর অন্তর্গত চেতলা সাকিনে আমি শ্রী রমনী মোহন পাইন আমার পিতা ৺মাখন লাল পাইন । আমার পিতামহ ৺কৃষ্ণ বিহারী পাইন একজন নিষ্ঠাবান বৈষ্ণব ধর্মে বিশ্বাসী ও দেব দ্বীজে ভক্তিমান ব্যক্তি ছিলেন । তাহার বহু স্থাবর অস্থাবর সম্পত্তি ছিল ইহার মধ্যে নবদ্বীপ ধামস্থ "কলিকাতার আড্ডা" নামস্থ বাটীতে ধাতু নির্মিত শ্রীশ্রী৺রাধা কানুর মূর্ত্তী ও দারু নির্মিত শ্রীশ্রী৺গৌরাঙ্গ দেব প্রভু ও শ্রীশ্রী৺ নিত্যানন্দ দেব প্রভুর মূর্ত্তী এবং পাঁচটি শালগ্রাম শীলা আছেন । ৺কৃষ্ণ বিহারী পাইন উপরি উক্ত দেব দেবীর পূজা পার্বন উৎসবাদি ও আনুষ্ঠানিক কার্য্যাদি করিতে থাকেন । এই সমস্ত কার্য্যাদি ভবিষ্যতে চিরকালের জন্য যাহাতে সুচারু রূপে এবং সুশৃংখলা ভাবে, সম্পন্ন হয় তাহার জন্য তিনি দেব সেবা ও উক্ত দেব দেবী বরাবর নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি সমূহে একত্তা অর্পণ নামা দলিল সম্পাদন করিয়া উক্ত দেবত্তর এস্টেটের ট্রাস্টি গঠন করিয়া –

50 P.

INDIA

पचास पैसे पचास पैसे

सत्यमेव जयते

भारत

FIFTY PAISE

।।৩।।

Ramani Mohan Paine

যান । ৺কুঞ্জবিহারী পাইন নিজে দেব সেবা এস্টেটের দলিল করিয়া নিজেই এই দেব সেবা ও দেবত্তুর এস্টেটের প্রথম ট্রাস্টি হন ।

আমি শ্রী রমনী মোহন পাইন ইং ১৯৩১ সাল হইতে ৺কুঞ্জবিহারী পাইন এর দেব সেবা এস্টেটের ট্রাস্টি নিযুক্ত হইয়া আছি । দীর্ঘকাল যাবৎ ট্রাস্টীর ক্ষমতা ও স্বত্ব লইয়া দেব সেবা ও দেবত্তুর এস্টেট চালাইতেছি । এবং ট্রাস্টের সমস্ত কিছু বজায় রাখিয়াছি । এখন আমার বয়স হইয়াছে এবং বার্দ্ধক্য আসিয়াছে । আমার পর আমার প্রথম পুত্র ট্রাস্টি হইত কিন্তু অকালে তাঁহার মৃত্যু হইয়াছে এবং আমার অপরাপর পুত্ররা নিজ নিজ কাজে ব্যস্ত আছে । আমার আর দুই পুত্র শ্রীমান দীপেন্দু নাথ পাইন এবং শ্রীমান সৌমেন্দু নাথ পাইন এই দুই জন ৺কুঞ্জবিহারী পাইনের দেব সেবা ও দেবত্তর এস্টেটের দেখাশুনা করিতেছে । আমার এই দুই পুত্র ট্রাস্টী হইবার উপযুক্ত । আমি আমার এই দুই পুত্র শ্রীমান দীপেন্দু নাথ পাইন এবং শ্রীমান সৌমেন্দু নাথ পাইনকে উপরি উক্ত

দেব সেবাও দেবত্তর এস্টেটের ট্রাস্টি নিযুক্ত করিলাম । আমার এই দুই পুত্র দেব সেবা ও দেবত্তর এস্টেটের সমুদয় কার্য্যাদি করিবে । ৺কুঞ্জ বিহারী – দেব সেবা ও দেবত্তর এস্টেটের কোনও কার্য্যাদি সম্পর্কে ও কার্য্যের মধ্যে কোন বাহিরের লোক থাকিবে না ।

আমার এই দুই পুত্র শ্রীমান দীপেন্দু নাথ এবং শ্রীমান সৌমেন্দু নাথ ৺কুঞ্জ বিহারী পাইনের দেব সেবা ও দেবত্তর এস্টেটের ট্রাস্টি হইয়া ট্রাস্টের সর্ব্ব ক্ষমতা ও স্বত্ব লইয়া দেবত্তর এস্টেটের যাবতীয় কাজ করিবে । নবদ্বীপস্থ ঠাকুর বাড়ীর পূজা ও সেবা দেখিবে ও চালাইবে এবং দেব সেবা ও দেবত্তর এস্টেটের সব বাড়ীতে কলিকাতা এবং নবদ্বীপ বাড়ীতে ভাড়াটে বসানো ভাড়াটে তোলা এবং ভাড়া আদায় করিবে । বাড়ীর ট্যাক্স ও খাজনা দেবে এবং মামলা মোকর্দ্দমা করিবে আর যাহা কিছু প্রয়োজন হয় তাহাই করিবে ।

৺কুঞ্জ বিহারী পাইনের পিতা ৺কৃষ্ণ চন্দ্র পাইন । ৺কুঞ্জ বিহারী পাইনের কোন পুত্র সন্তান হয় নাই । ইনি দলিল করেন ইংরাজী ১৮৯৯ সালের ৪ঠা আগস্ট ৺কুঞ্জ বিহারী পাইনের মৃত্যু হয় ইংরাজী ১৯০৩ সালের ৪ঠা মে । মৃত্যুর পর ৺ কুঞ্জ বিহারী পাইনের দলিল মোতাবেক তার ভ্রাতুষ্পুত্র ৺রজনী কান্ত পাইন দেব সেবা ও দেবত্তর এস্টেটের ট্রাস্টি হন ।

৺রজনী কান্ত পাইনের মৃত্যুর পর ৺কুঞ্জ বিহারী পাইনের দেব সেবা দেবত্তর এস্টেটের ট্রাস্টি হন ৺ললিত মোহন পাইন । ট্রাস্টি ৺ললিত মোহন পাইনের যখন মৃত্যু হয় তখন তাঁহার পিতা ৺মাখন লাল পাইন বর্ত্তমান ছিলেন আমি শ্রী রমনী মোহন পাইন । আমার পিতা ৺মাখন লাল পাইন । আমার পিতৃদেব ৺ মাখন লাল পাইন আমাকে ৺কুঞ্জ বিহারী পাইনের দেব সেবা

Ramani [illegible]

দেবত্তর এস্টেটের ট্রাস্টি নিযুক্ত হয়েন ইংরাজী ১৯৩১ সালের ২৮ শে সেপ্টেম্বর অদ্যাবধি অত্যন্ত সুষ্ঠভাবে এই দেব সেবা ও দেবত্তর এস্টেট চালাইয়া আসিতেছি।

*কৃষ্ণ বিহারী পাইন তাঁর নবদ্বীপের ঠাকুর বাড়ীর বিগ্রহের পূজা দেখিবার এবং উক্ত ঠাকুর বাড়ীর যাহাতে কোন ক্ষতি না হয় তাহা দেখিবার ভার দিয়াছিলেন তাঁর গুরুবংশের উপর।কারণ তাঁর গুরুর বাসস্থান নবদ্বীপে। পূজা দেখিবার এবং উক্ত ঠাকুর বাড়ীর যাহাতে কোন ক্ষতি না হয় তাহা দেখিবার সুবিধার্থে এই কার্য্যভার দিয়াছিলেন। কিন্তু গুরু বংশের *গোষ্ট বিহারী গোস্বামী এবং উহার পুত্রগণের সহযোগিতায় নবদ্বীপের ঠাকুর বাড়ীর অপুরণীয় ক্ষতি সাধন করিয়াছেন। এবং বহু অসুবিধার সৃষ্টি করিয়াছেন।

উপরি উক্ত কারণে *কৃষ্ণ বিহারী পাইনের দেব সেবা ও দেবত্তর এস্টেটের কোন কাজে গুরু বংশের কেউ কোন দিন থাকিবে না এবং কোন বাহিরের লোক ও থাকিবে না। আমার এই দুই পুত্র শ্রীমান দীপেন্দু নাথ পাইন এবং শ্রীমান সৌমেন্দু নাথ পাইন *কৃষ্ণ বিহারী পাইনের দেব সেবা ও দেবত্তর এস্টেটের সব কিছু কাজ করিবে। বাহিরের কোন ব্যক্তির প্রয়োজন হইবে না।

আমার পিতামহ *কৃষ্ণ বিহারী পাইনের দেব সেবা ও দেবত্তর এস্টেটের ট্রাস্টী আমি শ্রী রমনী মোহন পাইন। আমার পত্নী শ্রীমতী পারুল বালা পাইন। আমরা বর্তমান থাকিয়া এই দুই পুত্র শ্রীমান দীপেন্দু নাথ এবং শ্রীমান সৌমেন্দু নাথ কে *কৃষ্ণ বিহারী পাইনের দের সেবা ও দেবত্তর এস্টেটের ট্রাস্ট করিয়া আমার স্থলে বসাইলাম। ট্রাস্টের সমস্ত ক্ষমতা লইয়া এরা দুই জনে দেবত্তর এস্টেটের সব কাজ করিবে। বাহিরের কোন ব্যক্তি *কৃষ্ণ বিহারী পাইনের দেব সেবা

এষ্টেটের কাজে কোনও দিন থাকিবে না। আমার উপরি উক্ত দুই পুত্র উক্ত দেব সেবা ও দেবত্তর এষ্টেটের সমুদয় কাজ করিবে।

আমার পিতামহ ঁকুঞ্জবিহারী পাইনের দেব সেবা ও দেবত্তর এষ্টেটের কোন সম্পত্তি বাড়ী ঘর জায়গা জমি ও যে কোন সম্পত্তি কোন ট্রাষ্টি বিক্রী করিতে পারিবে না ও বন্ধক রাখিতে পারিবে না। প্রত্যেক ট্রাষ্টি দেব সেবা ও দেবত্তর এষ্টেটের সম্পত্তি বজায় রাখিয়া প্রত্যেক ট্রাষ্টী দেব সেবা ও দেবত্তর এষ্টেট চালাইবে।

আমার নিযুক্ত ট্রাষ্টীদ্বয় আমার বংশধরের মধ্যে সদ্ধর্মি ও সুশান্ত ও নিষ্ঠাবান পুত্রের পুত্রকে এবং বংশানুক্রমে তাহাদের পুরুষ বংশধরকে ট্রাষ্টির উপযুক্ত বুঝিয়া তাহাদের পরবর্তী ট্রাষ্টি নিযুক্ত করিতে পারিবে। বিধর্মি দের ব্যক্তির সহিত বিবাহিত কোন পুত্র বা পৌত্র বা তাহাদের পরবর্তী বংশধর কোন দিন ট্রাষ্টী হইতে পারিবে না। এবং আমার বংশের বাহিরের কোন লোক কোন দিন ট্রাষ্টি হইতে পারিবে না।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে স্বেচ্ছায় সজ্ঞানে কাহারও দ্বারা প্রভাবিত না হইয়া এই দলিলের মর্ম সম্যক রূপে অবগত হইয়া এই ট্রাষ্টি নিয়োগ পত্র দলিল সহি সম্পাদন করিলাম। ইতি তাং সন ১৯৮৮ সালের ৩রা জুন

বাংলা সন ১৩৯৫ সালের ২০শে জ্যৈষ্ঠ।

Ramen Pyne

তপশীল দেবত্তর সম্পত্তি

১। জেলা নদীয়া থানা নবদ্বীপ সাবরেজেষ্ট্রি নবদ্বীপ অধীন ১১ নং তেলিপাড়া লেন ইস্ট প্রেমিসেস জমি ও বাটি।

২। জেলা ঐ থানা ঐ সাবরেজেষ্ট্রি ঐ ৬৬ নং বাজার রোড নবদ্বীপ প্রেমিসেস জমি ও বাটি।

৩। ঐ ঐ ঐ ঐ ৪৬ নং বাজার রোড নবদ্বীপ প্রেমিসেস জমি ও বাটি।

৪। জেলা ২৪ পরগণা থানা আলিপুর সাবরেজেষ্ট্রি আলিপুর কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের অন্তর্গত ৬১ নং চেতলা রোড প্রেমিসেসের জমি ও বাটি।

৫। সহর কলিকাতা সাবেক ২৮৭ নং বহু বাজার স্ট্রীট হাল ২৮৭ নং বিপিন বিহারী গাঙ্গুলী স্ট্রীট প্রেমিসেস জমি ও বাটি।

৬। ঐ ঐ ঐ ২৯৩ নং বহু বাজার স্ট্রীট হাল ২৯৩ নং বিপিন বিহারী গাঙ্গুলী স্ট্রীট প্রেমিসেস জমি ও বাটি।

৭। সহর কলিকাতা ৩০ নং এলীক লেন প্রেমিসেস জমি ও বাটি।

accepted
Dipendranath Pyne
Soumendranath Pyne

Ramen Pyne

Dilip Pyne
28, Peary Mohon Roy Rd
Calcutta - 700027

Rathindra Nath Pyne
28, Peary Mohon Roy Road
Calcutta - 27.
7/6/88

মুসাবিদাকারক
Kunja Behari Pore
এ্যাডভোকেট, আলিপুরজজকোর্ট

টাইপিস্ট
শ্রী রামচন্দ্র Pyne
আলিপুরজজকোর্ট -

Kunja Behari Pore
Advocate Judges Court
Alipore